মন্ত্রিপরিষদ বিভাগের জানুয়ারি ২০২৩ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: জানুয়ারি **২০২৩** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৯ ফেব্রুয়ারি ২০২৩

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪১৭	২৬০	১৫৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,২৭৩	৮২৫
মোট	২,৫১৫	১,৫৩৩	৯৮২

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	২৭	৩০	৪৫	৫৩	১৫৭
দুর্নীতি দমন কমিশন	-	-	২৪১	২৩৮	২৩২	১১৪	৮২৫*
মোট	২	-	২৬৮	২৬৮	২৭৭	১৬৭	৯৮২

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	১	১	-	-	-	প্রশাসনিক কর্মকর্তা (১০ গ্রেড) পদে ১ জন পদোন্নতি পেয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৮	-	৮	-	১০৯	১০৯	দুর্নীতি দমন কমিশনের ৮ জন সহকারী পরিচালককে উপপরিচালক পদে এবং ১০৯ জনকে কনস্টেবল পদে সরাসরি নিয়োগ দেয়া হয়েছে।

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপ-মন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-	-	২	-	৫ জানুয়ারি ২০২৩ তারিখে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া এবং ১৪ জানুয়ারি ২০২৩ তারিখে নরসিংদী জেলার সদর উপজেলা সফর করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নেই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
1. Technical Assistance for promoting Nutrition Sensitive Social Security programmes	১৫০	৩৩.৭৬ (২৩ শতাংশ)		-
2. Platforms for Dialogue-Strengthening Inclusion and Participation in Decision Making and Accountability Mechanisms in Bangladesh	৮০৪	১,২১০.০৯ (১৫০ শতাংশ)		
3. Support to the Central Management Committee's (CMC) policy Guidance on Child Component of the NSSS	১৯৭	১২.৬৯ (৬ শতাংশ)		
4 Social Security Policy Support Programme (1st revised)	৫৮১	৩০৫.২১ (৫২ শতাংশ)		
5. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-4)	১৩৬	৮১.২১ (৬০ শতাংশ)		
6. National Integrity Strategy support Project Phase-2	৪৭	৩৩.১৩ (৭০ শতাংশ)		
মোট=০৬টি	১,৯১৫	১,৬৭৬.১০ (৮৭.৫২ শতাংশ)		

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই।

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক.অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১২টি	০.২৩	২টি	২টি	১০টি	মন্ত্রিপরিষদ বিভাগের মোট অডিট আপত্তির সংখ্যা ১২টি। প্রতিবেদনাধীন মাসে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১০টি অডিট আপত্তির মধ্যে ০৭টি অডিট আপত্তির বিষয়ে ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে মামলা বিচারাধীন রয়েছে (মামলা নম্বর ৭/২০০০)।
দুর্নীতি দমন কমিশন	৪টি	৬৮৬.৭৭	৪টি	-	৪টি	-
মোট	১৬টি	৬৮৭	৬টি	২টি	১৪টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	১	-	-	-	-	১	১
দুর্নীতি দমন কমিশন	১৩	-	-	-	-	১৩	৬
মোট	১৪	-	-	-	-	১৪	৭

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	iBAS++ এর বাজেট প্রণয়ন মডিউলে ডাটা এন্ট্রি বিষয়ে প্রশিক্ষণ	১৯ জানুয়ারি ২০২৩	অর্থ বিভাগ	০৩ জন
	২।	পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট কোর্সে	৩১ ডিসেম্বর ২০২২ - ১৬ জানুয়ারি ২০২৩	পরিকল্পনা মন্ত্রণালয়	০১ জন
দুর্নীতি দমন কমিশন	১।	নবনিয়োগকৃত কনস্টেবলদের ওরিয়েন্টেশন কোর্স	০২-০৫ জানুয়ারি ২০২৩	দুর্নীতি দমন কমিশন	১০৯ জন
	২।	মানিলন্ডারিং তদন্ত পদ্ধতি সংক্রান্ত প্রশিক্ষণ	৩১ জানুয়ারি-০২ ফেব্রুয়ারি ২০২৩	দুর্নীতি দমন কমিশন	৩০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের ২০২২-২৩ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্যা-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: প্রযোজ্য নয়।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট: নেই।

ক.প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ.প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) ২৪-২৬ জানুয়ারি ২০২৩ মেয়াদে জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ সুষ্ঠুভাবে আয়োজন করা হয়েছে।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক দুইটি; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ৬টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। মন্ত্রিসভা-বৈঠকে ২৪টি সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে ১৪টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে।

(৩) War Book- 2022 মুদ্রণের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(৪) প্রতিবেদনাধীন মাসে সর্বমোট ০৭টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগগুলির বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ সময়ে মোট ১২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১১টি অভিযোগ প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(৫) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত ডিসেম্বর দ্বিতীয় ও জানুয়ারি প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদন ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়েছে।

(৬) ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন দাখিল সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর জারি করা হয়েছে।

(৭) মৎস্যসম্পদ ধ্বংসকারী বেহুন্দি জালসহ অন্যান্য অবৈধ জাল নির্মূলকরণ সংক্রান্ত 'বিশেষ কম্বিং অপারেশন-২০২৩' বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৮) চলমান কৃষিসেচ মৌসুমে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ বিষয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(৯) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) বিভিন্ন মামলায় ৫৭ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে চার্জশিট দাখিল, ৪ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে এফআরটি দাখিল, ৭ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে এজাহার দায়ের এবং ৫১ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় পরিসমাপ্ত করা হয়েছে মর্মে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশন কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করা হয়। তদ্‌প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জানুয়ারি ২০২৩ মাসে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ করা হয়েছে।

(১১) ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগসমূহের এপিএ-র অর্ধ-বার্ষিক অগ্রগতি বিষয়ে ফলাবর্তক প্রদান করা হয়েছে।

(১২) বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের ফৌজদারি কার্যবিধির আওতাধীন অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বরগুনা, ঝালকাঠি, চাঁদপুর, চট্টগ্রাম, খাগড়াছড়ি, লক্ষ্মীপুর, গোপালগঞ্জ, মুন্সিগঞ্জ, বাগেরহাট, খুলনা, নড়াইল, বগুড়া, নওগাঁ, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, রংপুর, ঠাকুরগাঁও, মৌলভীবাজার, সিলেট, জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোনা এবং শেরপুর জেলার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য গঠিত কমিটির কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য বিভাগীয় কমিশনার (সকল) এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) সিআরভিএস এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ১১ ও ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে যথাক্রমে মৌলভীবাজার ও বরিশাল জেলায় সেমিনার-এর আয়োজন করা হয়।

(১৫) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা মহানগর ও তৎসংলগ্ন এলাকায় যানজট নিরসন ও পরিবেশ উন্নয়নে বিশেষায়িত, আধুনিক প্রযুক্তিভিত্তিক গণপরিবহণ ব্যবস্থায় মেট্রোরেল সেবা এমআরটি লাইন-৬ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। মেট্রোরেল সেবার প্রথম এমআরটি লাইন-৬ দিয়াবাড়ি হতে আগারগাঁও অংশ আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের মাধ্যমে বৈশ্বিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার বৈঠক অভিনন্দন প্রস্তাব প্রকাশিত হয়েছে।

(১৬) মন্ত্রিপরিষদ সচিব জনাব কবির বিন আনোয়ার ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব কবির বিন আনোয়ারকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তার সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০৯ জানুয়ারি ২০২৩ তারিখের বৈঠকে গৃহীত ধন্যবাদ প্রস্তাব ১১ জানুয়ারি ২০২৩ তারিখের ১০ নম্বর স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে।

গ.আগামী (ফেব্রুয়ারি-মার্চ) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক; জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি; প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি; নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি; আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি; মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন; মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০০তম সভা এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠান।

স্বাক্ষরিত/-
(চৌধুরী মোয়াজ্জম আহমদ)
উপসচিব
ফোন: ৯৫১৪৮৮৭
e-mail: report_sec@cabinet.gov.bd